

ধর্ষকদের প্রকাশ্যে ফাঁসি দাবি ঢাবি শিক্ষার্থীদের

ঢাবি প্রতিবেদক

০৯ মার্চ ২০২৫, ১২:০০ এএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) রোকেয়া হলের শিক্ষার্থীরা ধর্ষকদের প্রকাশ্যে ফাঁসি দেওয়ার দাবি জানিয়ে মশাল মিছিল ও বিক্ষোভ করেছেন। তারা দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতিরও নিন্দা জানিয়েছেন।

UNIBOTS

গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৭টায় রোকেয়া হলের সামনে থেকে শিক্ষার্থীরা মশাল মিছিল বের করেন। মিছিলটি হলের সামনে থেকে ভিসি চত্বর প্রদক্ষিণ করে আবারও রোকেয়া হলের সামনে এক সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।

শিক্ষার্থীরা বিক্ষোভ সমাবেশে বলেন, দেশে শিশু থেকে বৃদ্ধা কেউ-ই ধর্ষকদের হাত থেকে রেহাই পায় না। ধর্ষকদের গ্রেপ্তারের পর তাদের বিচার কী হয়, তা আমরা জানতে পারি না। তারা জামিন পেয়ে বাইরে অবাধে চলাফেরা করে। ধর্ষকদের শাস্তি সংবিধানে উল্লেখ থাকলেও তা বাস্তবায়িত হতে দেখা যায় না।

মাগুরায় শিশু আছিয়াকে ধর্ষণের ঘটনায় জড়িত তিন পুরুষ ও এক নারীকে প্রকাশ্যে ফাঁসি দেওয়ার দাবি জানিয়ে শিক্ষার্থীরা বলেন, আমরা আর ‘অ্যারেস্ট-অ্যারেস্ট’ নাটক দেখতে চাই না। দোষীদের প্রকাশ্যে ফাঁসি চাই। প্রকাশ্যে ফাঁসি না হলে আমরা শান্ত হবো না।

রোকেয়া হলের শিক্ষার্থী আবিদা সুলতানা পুষ্প বলেন, ধর্ষকদের শাস্তির দাবিতে আমরা প্রতিবাদ জানিয়ে আজ (গতকাল) মশাল মিছিল বের করেছি। সম্প্রতি ঘটে যাওয়া সব ধর্ষণের সঙ্গে জড়িত ধর্ষকদের প্রকাশ্যে ফাঁসির দাবি জানাচ্ছি। আমরা চাই না কোনো ধর্ষক চোখের সামনে দিয়ে ঘুরাফেরা করুক।